



শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ ও আইসেসকোর মহাপরিচালক ড. আবদুল আজিজ রোববার আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট পরিদর্শন করেন

মাতৃভাষা ইন্সটিটিউটে ওআইসি দেশসমূহের ভাষা গ্যালারি হবে

যাযাদি রিপোর্ট
ঢাকায় আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটে ওআইসি দেশগুলোর ভাষা গ্যালারি স্থাপন করা হবে বলে জানিয়েছেন ইসলামিক, এডুকেশনাল, সাইন্টিফিক অ্যান্ড কালচারাল অরগানাইজেশনের (আইসেসকো) মহাপরিচালক ড. আবদুল আজিজ ওবম্যান আলতাইজরি।
রোববার আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট পরিদর্শন শেষে তিনি এ কথা বলেন।
সারাবিশ্বের মাতৃভাষা চর্চা ও উন্নয়নে বাংলাদেশের উদ্যোগের ভূয়সী প্রশংসা করে তিনি ইন্সটিটিউটের ডিজিটলাইজেশনেও সহযোগিতার আশ্বাস দেন। এ সময় শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, ইন্সটিটিউটের মহাপরিচালক প্রফেসর ড. জিনাত ইমতিয়াজ আলী উপস্থিত ছিলেন।
শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটের আনুপূর্বিক অগ্রগতি তুলে ধরে বলেন, ২০০১ সালের ১৫ মার্চ জাতিসংঘের তৎকালীন মহাসচিব কফি আনানের উপস্থিতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ প্রতিষ্ঠানের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সারাবিশ্বের মাতৃভাষার চর্চা, সংরক্ষণ এবং গবেষণার উদ্দেশ্যে এ

আন্তর্জাতিক প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। এ পর্যন্ত তিনতলা নির্মিত হয়েছে এবং বাকি কাজ চলাছে। ২০১০ সালের ১২ অক্টোবর জাতীয় সংসদে আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট আইন পাশ হয়েছে। বর্তমান সরকার এটিকে একটি পূর্ণাঙ্গ আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠানে পরিণত করতে কাজ করছে। তিনি আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউটের উন্নয়নে আইসেসকোর সহযোগিতা কামনা করেন।
এর আগে ড. আবদুল আজিজ ইন্সটিটিউটের নিচতলায় ভাষা জাদুঘরে বিশ্বের ৪০টি দেশের অক্ষর দিয়ে সাজানো ভাষা প্রদর্শনী হল পরিদর্শন করেন। ভাষা জাদুঘরে সংরক্ষিত অক্ষর সমৃদ্ধ দেশগুলো হলো- অফগানিস্তান, অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ভুটান, ক্রনাই, কম্বোডিয়া, চীন, কুক আইল্যান্ড, উত্তর কোরিয়া, ফিজি, ভারত, ইন্দোনেশিয়া, জাপান, কাজাকিস্তান, কিরিবাতি, কিরগিস্তান, লাওস, মালয়েশিয়া, মালদ্বীপ, মার্শাল আইল্যান্ড, মাইক্রোনেশিয়া, মসোলিয়া, মিয়ানমার, নাউরু, নেপাল, নিউজিল্যান্ড, পাকিস্তান, পালার্ট, পাপুয়া নিউগিনি, ইরান, ফিলিপাইন, দক্ষিণ কোরিয়া, সামোয়া, সিঙ্গাপুর, সলোমন আইল্যান্ড, শ্রীলংকা, স্বাইল্যান্ড, পূর্ব তিমুর, টোঙ্গা, তুর্কমেনিস্তান, টুভালু, ভানুয়াতু এবং ডিয়েগোনাম।